

গোধূলি

দু'পাশে বাগান নিয়ে হেঁটে যায় নদী
প্রতি তীর শস্যের রমনে তার খুলে ধরে বুকের বিন্যাস
খিড়কি - আকাশ খুলে পাখিরা প্রত্যেকে
গ্রাম-কুটুম্বের ডাকে নীচের আরসি-জলে খুলে ফেলে প্রতিবিম্ব তার

শুকনো - শিমূল একা শাশানে বাঢ়িয়ে হাত- ডাকে-
ছোটো শিশু; বালি খুঁড়ে জল তুলে আনন্দে লাফায়,
ওদিকে নদীর ঘাটে আদিবাসী মেয়ে
শাঢ়িতে জড়ানো তার সরু রোদ নিয়ে
কোমরের ছন্দ- তালে পায়ে পায়ে চলে যায় জীবনের কাছে,

উড়ন্ত দিনের পাখি দা঱়ণ বিরহে তার আলোকের পালক হারায়।

আদিত্য মুখোপাধ্যায়